সাধারণ নির্বাচন-২০১৪



General Election-2014

# নির্বাচনী ইশতেহার
# Election Manifesto

## জাতীয় পার্টি
## Jatiyo Party

শান্তির জন্য পরিবর্তন- পরিবর্তনের জন্য জাতীয় পার্টি

বিসমিল্লাহির রাহমানির রাহিম

## প্রতিশ্রুতি বাস্তবায়ন আমাদের অঙ্গীকার
## জাতীয় সংসদ নির্বাচন- ২০১৪

# নির্বাচনী ইশতেহার

## শান্তির জন্য পরিবর্তন- পরিবর্তনের লক্ষ্যে জাতীয় পার্টি

ভূমিকা ঃ দেশ ও জনগণের কল্যাণের লক্ষ্যে জাতীয় পার্টি দেশে প্রশাসনিক, শাসনতান্ত্রিক এবং গণতন্ত্রের বিকাশের স্বার্থে ব্যাপক সংস্কারের প্রয়োজনীয়তা বোধ করছে। জাতীয় পার্টি মনে করছে- দেশে শান্তি ফিরিয়ে আনতে পরিবর্তনের কোনো বিকল্প নাই। তাই আগামী দিনের জন্য জাতীয় পার্টির লক্ষ্য হচ্ছে- শান্তির জন্য পরিবর্তন (Change for peace)।

জাতীয় পার্টির ৯ বছরের সরকার পরিচালনার অভিজ্ঞতার আলোকে জনগণের প্রত্যাশা অনুসারে তাদের জন্য কল্যাণকামী, বাস্তব এবং সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের অঙ্গীকারের পাশাপাশি চুম্বক কিছু দফা বাস্তবায়নের লক্ষ্য নিয়ে জনগণের ম্যান্ডেট নিতে দশম জাতীয় সংসদ নির্বাচনে অবতীর্ণ হচ্ছে।

## জাতীয় পার্টির নির্বাচনী অঙ্গীকার ঃ

০১. **ইসলামী মূল্যবোধ সমুন্নত রাখা ঃ**

* সংবিধান সংশোধনের মাধ্যমে **"সর্বশক্তিমান আল্লাহর উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস"** পুনঃস্থাপন করা হবে।

* দেশের সকল স্বীকৃত মসজিদ সমূহের ইমাম ও মোয়াজ্জিনদের সম্মানী ভাতা প্রদান করা হবে।

০২. **রাষ্ট্রীয় কাঠামোর পরিবর্তন ঃ**

* এককেন্দ্রীক সরকার ব্যবস্থার পরিবর্তে প্রাদেশিক সরকার ব্যবস্থা প্রবর্তন করা হবে।

* দেশকে ৮টি প্রদেশে বিভক্ত করা হবে। প্রত্যেক প্রদেশে একটি প্রাদেশিক পরিষদ ও প্রাদেশিক মন্ত্রিসভা থাকবে। প্রাদেশিক সরকারই সংশ্লিষ্ট প্রদেশের উন্নয়নসহ সার্বিক শাসন কার্য পরিচালনা করবে।

* প্রত্যেক প্রদেশে হাইকোর্টের একটি করে বেঞ্চ স্থাপন করে বিচার ব্যবস্থা বিকেন্দ্রীয়করণ করা হবে।

## প্রাদেশিক ব্যবস্থা প্রবর্তনের উদ্দেশ্য ঃ

* তৃণমূল পর্যায় থেকে প্রজ্ঞাবান রাজনীতিবিদ গড়ে তোলা
* প্রশাসনকে জনগণের কাছে নিয়ে যাওয়া
* সুষ্ঠু ও নির্দলীয় শাসন ব্যবস্থা নিশ্চিত করা
* স্থানীয় উন্নয়ন স্থানীয় নেতৃত্বের হাতে ন্যস্ত করা
* সারাদেশে সুষম উন্নয়ন নিশ্চিত করা
* নিজেদের ভাগ্য উন্নয়নের প্রয়াস গ্রহণ করা
* স্থানীয় পর্যায়ের সমস্যা স্থানীয়ভাবে সমাধান করা
* স্থানীয় অবকাঠামোগত উন্নয়ন নিশ্চিত করা
* অর্থনৈতিক ভিত মজবুত করা এবং স্থানীয় সম্পদের উন্নয়ন ঘটানো
* স্থানীয়ভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং
* বিশ্বের অধিকাংশ দেশের মতো যেখানে প্রাদেশিক ব্যবস্থা রয়েছে– তাদের সঙ্গে তাল মিলিয়ে বাংলাদেশকেও সমৃদ্ধির পথে এগিয়ে নেয়া

**(বিঃদ্রঃ এ ব্যাপারে পুস্তিকায় বিস্তারিত বর্ণনা থাকবে)**

## ০৩. পূর্ণাঙ্গ উপজেলা বাস্তবায়ন ঃ

* স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালী করাসহ জনপ্রতিনিধির হাতে ক্ষমতা প্রদান করা হবে।
* উপজেলায় আদালত পুনঃপ্রতিষ্ঠা করা হবে।
* সকল উন্নয়ন কর্মকান্ড উপজেলা পরিষদের উপর ন্যস্ত করা হবে।
* ইউনিয়ন পরিষদকে শক্তিশালী করা হবে।

০৪. **নির্বাচন পদ্ধতির পরিবর্তন ঃ**

* নির্বাচনে প্রত্যেক রাজনৈতিক দলের প্রাপ্ত ভোটের অনুপাতের ভিত্তিতে সংসদ সদস্য নির্বাচনের ব্যবস্থা করা হবে। অর্থাৎ জনগণ কোনো দলের একক প্রার্থীকে ভোট না দিয়ে সরাসরি দলকে ভোট প্রদান করবে। প্রাপ্ত ভোটের ভিত্তিতে দল তার সংসদ সদস্য মনোনীত করবে।

(বি.দ্র. এ ব্যাপারে পুস্তিকায় বিস্তারিত বর্ণনা থাকবে।)

০৫. **প্রশাসন ও বিচার বিভাগ সম্পূর্ণভাবে দলীয়করণমুক্ত রাখা হবে।**

০৬. **মাদক ব্যবহার প্রতিরোধ করা ঃ**

* মাদকের ব্যবহার দেশের যুব সমাজকে ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে। মাদকের বিস্তার সম্পূর্ণ নির্মূল করা হবে। এই কাজে সেনাবাহিনীকে দায়িত্ব দিয়ে মেজিস্ট্রেসি ক্ষমতা প্রদান করা হবে।

০৭. **গ্রামীণ ব্যাংকের পরিচালনা এবং কর্মপদ্ধতি পূর্বাবস্থায় ফিরিয়ে দেয়া হবে ঃ**

* এই ব্যাংকের কার্যক্রমের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের যে দিগন্ত উন্মোচিত হয়েছিল– তা আরো জোরদার করার জন্য কার্যকারী পদক্ষেপও গ্রহণ করা হবে।

০৮. **জনগণের প্রত্যাশা অনুসারে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ ও কর্মসূচী প্রণয়ন করা ঃ**

* জন্ম নিয়ন্ত্রণ জোরদার করা,

* জনগণের জানমালের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা,

* ধর্মীয় নিরাপত্তা এবং সকল ধর্মের মর্যাদা রক্ষা করা,

* শিক্ষা-স্বাস্থ্য-চিকিৎসা-কৃষি-শিল্প-ক্রীড়া ক্ষেত্রে উন্নয়ন,

* নারী ও শিশু অধিকার রক্ষা,

* মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নত রাখা,

* যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন,

* খাদ্য ও খাদ্যে নিরাপত্তা নিশ্চিতকরণ,
* গ্যাস, বিদ্যুৎ ও সুপেয় পানির ব্যবস্থা,
* তথ্য প্রযুক্তি সময়োপযোগী প্রয়োগ করা–

ইত্যাদি ক্ষেত্রে জনগণের প্রত্যাশার প্রতিফলন ঘটানো হবে।

বাংলাদেশ জিন্দাবাদ

# জাতীয় পার্টি জিন্দাবাদ

# আল্লাহ হাফেজ

Bismillah-Hir-Rahmanir-Rahim

# Committed to Fulfill our Promises

## *National Parliament Election 2014*

# Election Manifesto

## CHANGE FOR PEACE

### Jatiyo Party pledges change

**Introduction:** For the welfare of the country and the people, and for democracy to flourish, Jatiyo Party feels an urgent need for extensive reforms in institutional, administrative and political governance. To restore peace and stability in the country there is no alternative to change. That is why Jatiyo Party pledges to the country 'Change for peace'.

Jatiyo Party has governed the country for 9 years. In the light of that experience, the Jatiyo Party pledges expedient and pragmatic welfare programmes to be implemented upon receiving the people's mandate in the tenth National Parliamentary Election.

## ELECTION COMMITMENTS OF JATIYO PARTY:

1. **Uphold the values of Islam:**

   * Absolute trust and faith in the Almighty Allah", which was removed from the amendment in the constitution will be reinstituted.

   * Imams and Muajjins of all recognized mosques in the country will be paid honorarium from the state.

2. **Change the system of Government:**

* Provincial system of government will be introduced to replace the current system which concentrates all power in one hand.

* The country will be divided into 8 provinces. Each province will have its own provincial parliament and cabinet of ministers. The provincial governments will be fully responsible for conducting local development and local governance.

* For decentralization of the judiciary a High Court bench will be established in each province.

## Purpose of Provincial Government:

* Identify and train future local leadership
* Bring government closer to the people
* Ensure good governance
* Give local leaders responsibility for development in their areas
* Ensure equitable development nationwide
* Enable local communities to develop their own fates
* Enable local communities to find solutions to local problems
* Ensure local infrastructural development
* Build a strong economy by ensuring local economic development
* Create local job opportunities
* Emulate the high rates of growth that are experienced by other countries with Provincial Governments

(Details enclosed separate booklet)

3. **Full implementation of Upa Zila System:**

* Local government will be strengthened and all public representatives will be empowered.

* Upa Zilla Courts will be re-established.

* Upa Zila councils will be responsible for all developments works.

*Union Councils will be further strengthened.

4. **Change the Electoral System:**

* In parliamentary elections Members will be elected on the basis of proportionate vote received by a political party, i.e. a voter will cast his vote for a political party not for an individual. Each political party will select its Members of Parliament on the basis of votes polled.

**(Details enclosed separate booklet)**

5. **Executive and Judiciary will be made completely non-partisan:**

6. **Use and abuse of narcotics will be checked.**

" The youth of the country are heading towards destruction. Rampant use of narcotic drugs will be stopped with an iron hand. The army will be given full responsibility to achieve this end and given power of magistracy.

7. **Grameen Bank administration and its working system will be brought back to its original form:**

* Effective steps will be taken to further strengthen the Grameen Bank's exemplary work in poverty alleviation.

8. **Other programmes best suited to meet the people's needs:**

* Birth control programmes will receive the highest consideration.

* Protection of life and property of the people will be ensured.

* Right to practice all religions and the sanctity of all religions will be fully safeguarded.

* The rights of women and children will be fully safeguarded.

* The spirit of the Liberation War will be upheld.

* Communication systems will be given further attention.

* Food and food safety (unadulterated) will be fully ensured.

* Development programmes in education, health, agriculture, sports etc.

* Gas, electricity and safe drinking water supply will be ensured.

* Implementation of information technology will be further developed.

On these and all related issues the desires of the people will be reflected in Jatiyo Party's policies.

Bangladeh Zindabad

Jatiyo Party Zindabad

Allah Hafez